**‘একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত’**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০৪.১৯- ৪৭৩

তারিখ : ১৮ আশ্বিন ১৪২৬ / ০৩ অক্টোবর ২০১৯

বিষয় : “বহুতল ভবন এবং অগম্য এলাকায় অগ্নি দুর্ঘটনা নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সক্ষমতা বৃদ্ধি” শীর্ষক প্রকল্পের যাচাই কমিটি সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পত্র নং-৫৮.০৩.০০০০.০০৫.১৪.১৮৯.১৯-৮৪৯; তারিখ: ২৯/০৮/২০১৯ খ্রি:।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত “বহুতল ভবন এবং অগম্য এলাকায় অগ্নি দুর্ঘটনা নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সক্ষমতা বৃদ্ধি” শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভা গত ৩০/০৯/২০১৯ তারিখে সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(শিরিন আখতার)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, স্থাপত্য ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (অগ্নি), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৬. যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপপ্রধান, পরিকল্পনা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরনী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি।
৫. মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
উন্নয়ন অনুবিভাগ
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "বহুতল ভবন এবং অগম্য এলাকায় অগ্নি দুর্ঘটনা নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক প্রকল্পের প্রকল্প যাচাই কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শহিদুজ্জামান<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ<br>স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ৩০/০৯/২০১৯খ্রি: |
| সময় | : | বেলা ১১.৩০ টা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানান। অত:পর মহাপরিচালক প্রকল্পের যাচাই কমিটির সভা অধিদপ্তরে আয়োজন করায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পক্ষ হতে সভাপতিকে ধন্যবাদ জানান। সভাপতি প্রস্তাবিত প্রকল্প সম্পর্কে জানতে চাইলে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক জানান, বহুতল ভবন এবং অগম্য এলাকায় অগ্নি দুর্ঘটনাসহ অন্যান্য দুর্যোগে অত্যাধুনিক সরঞ্জাম ব্যবহারের মাধ্যমে হতাহতের সংখ্যা ও সম্পদের ক্ষতির পরিমান হ্রাস করা, প্রাকৃতিক ও মানব সৃষ্ট যে কোন দূর্যোগে হতাহতের সংখ্যা শূণ্যে নামিয়ে আনে এবং বহুতল ভবন ও অগম্য এলাকায় দুর্যোগ মোকাবেলায় অত্যাধুনিক সরঞ্জামের মাধ্যমে দ্রুত ও কার্যকরী সেবা নিশ্চিত করণের নিমিত্ত প্রকল্পটি প্রস্তাব করা হয়েছে। তিনি জানান চুড়িহাট্টা এবং এফ আর টাওয়ারের অগ্নি দূর্ঘটনার পর মাননীয় প্রধানমন্ত্রী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদানের প্রেক্ষিতে এ প্রকল্পটি গ্রহণ করা হয়।

২। সভাপতির অনুমেতিক্রমে উপ-প্রধান প্রস্তাবিত প্রকল্পের বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করেন। তিনি জানান প্রস্তাবিত প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৫৬৯৪০.০০ লক্ষ টাকা এবং মেয়াদ জানুয়ারি/২০২০-ডিসেম্বর/২০২৩।

৩। উপ-প্রধান উন্নয়ন উইং এর মতামত ব্যক্ত কালিন জানান যে, প্রকল্পের নাম সংক্ষিপ্ত এবং শ্রুতিমধুর করা আবশ্যক। তাছাড়া প্রকল্পের উদ্দেশ্যেসমূহ Rewrite করে নামের সাথে সামঞ্জস্যপূর্ণ করা প্রয়োজন। প্রকল্প এলাকা হিসেবে ৬৪টি ফায়ার স্টেশন ডিপিপি'তে প্রদর্শন করা হয়েছে, তা বাস্তব সম্মত ও সংক্ষিপ্ত করা আবশ্যক। আউটসোর্সিং জনবল অর্থ বিভাগের সর্বশেষ সার্কুলার মোতাবেক জনবল হিসেবে না দেখিয়ে খাত ভিত্তিক প্রদর্শন করা প্রয়োজন। এছাড়া, প্রস্তাবিত ২৪ প্রকারের যন্ত্রপাতির মধ্যে পূর্বে বিভিন্ন সময়ে উন্নয়ন ও রাজস্ব খাত হতে ক্রয়কৃত একই ধরণের কয়টি যন্ত্র এবং কি অবস্থায় আছে তা ডিপিপি'তে উল্লেখ করা আবশ্যক।

৪। উপ-প্রধান আরো উল্লেখ করেন যে, চুড়িহাট্টা এবং এফআর টাওয়ার এর অগ্নি দূর্ঘটনার পর কমিটির সুপারিশের প্রেক্ষিতে এ প্রকল্পের মাধ্যমে কোন কোন সুপারিশ বাস্তবায়িত হবে তা ডিপিপি'তে উল্লেখ করতে হবে। পরিকল্পনা মন্ত্রণালয়ের সার্কুলার মোতাবেক পিএসসি গঠন করতে হবে। এক্সাভেটর (হেভী), এক্সাভেটর ট্রান্সপোর্টার এবং ফর্ক লিফট বাদ দেয়ার বিষয়ে তিনি মতামত প্রদান করেন । তাছাড়া ওয়েল ট্যাংক ফায়ার ফাইটিং টেন্ডার, Ventilation Tender, Raker Van, 3 Ton Vehicle প্রকল্পে অন্তর্ভুক্ত করা যেতে পারে। পুরাতন ঢাকা এলাকায় ফায়ার হাইড্রেন্ট স্থাপন করা এবং সে জন্য পর্যাপ্ত বাজেট সংস্থান ডিপিপি'তে রাখা যেতে পারে মর্মে উপ-প্রধান মতামত ব্যক্ত করেন। ফায়ার সার্ভিসের যন্ত্রপাতি মেরামত এর জন্য উন্নতমানের ওয়ার্কসপ এবং এতদসংক্রান্ত দক্ষ জনবল তৈরির জন্য প্রশিক্ষণ অন্তর্ভুক্ত করার বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। তাছাড়া উপ-প্রধান স্টাম্প ও সীল (১০.০০ লক্ষ), প্রচার ও বিজ্ঞাপন (২৫.০০ লক্ষ), প্রশিক্ষণ (৫১২.০০ লক্ষ), সম্মানী (২০.০০ লক্ষ) খাতের ব্যয় আলোচনা করে যৌক্তিক করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন। তাছাড়া, প্রকল্প সংশ্লিষ্ট মন্ত্রণালয়, অধিদপ্তর, পরিকল্পনা কমিশন, এবং আইএমইডি'র কর্মকর্তাদের জন্য শিক্ষা সফরের জন্য বাজেট সংস্থান রাখার বিষয়ে তিনি অভিমত ব্যক্ত করেন। ডিপিপি'র হিসাব জনিত এবং মূদ্রণ জনিত ভুল ক্রটিশুদ্ধ করা প্রয়োজন মর্মে তিনি মতামত দেন।

৫। অত:পর বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(৫.১) প্রকল্পের নাম সংশোধন করে "বহুতল ভবন এবং দূর্গম এলাকায় অগ্নি নির্বাপণে সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক প্রকল্প নামকরণ করা;

(৫.২) প্রকল্পের উদ্দেশ্যেসমূহ Rewrite করে নামের সাথে সামঞ্জস্যপূর্ণ করা;

(৫.৩) প্রকল্প এলাকা হিসেবে ৬৪টি ফায়ার স্টেশন এর পরিবর্তে যৌক্তিকভাবে স্টেশনের সংখ্যা নির্ধারণ করা;

(৫.৪) আউটসোর্সিং জনবল অর্থ বিভাগের সর্বশেষ সার্কুলার মোতাবেক জনবল হিসেবে না দেখিয়ে খাত ভিত্তিক প্রদর্শন করা;

(৫.৫) প্রস্তাবিত ২৪ প্রকারের যন্ত্রপাতির মধ্যে পূর্বে বিভিন্ন সময়ে ক্রয়কৃত একই ধরণের কয়টি যন্ত্র এবং কি অবস্থায় আছে তা ডিপিপি'তে উল্লেখ করা;

(৫.৬) চুড়িহাট্টা এবং এফআর টাওয়ার এর অগ্নি দূর্ঘটনার কমিটির সুপারিশের প্রেক্ষিতে এ প্রকল্পের মাধ্যমে কোন কোন সুপারিশ বাস্তবায়িত হবে তা ডিপিপি'তে উল্লেখ করা;

(৫.৭) পরিকল্পনা মন্ত্রণালয়ের সার্কুলার মোতাবেক পিএসসি গঠন করা;

(৫.৮) এক্সাভেটর (হেভী), এক্সাভেটর ট্রান্সপোর্টার এবং ফর্ক লিফট বাদ দেয়া;

(৫.৯) মিনি ওয়াটার টেন্ডার, রিমোট কন্ট্রোল ফায়ার ফাইটিং ইকুইপমেন্টস, ওয়েল ট্যাংক ফায়ার ফাইটিং টেন্ডার, Ventilation Tender, Raker Van, 3 Ton Vehicle প্রকল্পে অন্তর্ভুক্ত করা ;

(৫.১০) উচ্চ ক্ষমতাসম্পন্ন হেভী ডিউটি লাইটিং ইউনিট ক্রয়ের সংস্থান ডিপিপি'তে রাখা;

(৫.১১) পূরাতন ঢাকা এলাকায় ফায়ার হাইড্রেন্ট স্থাপন করা এবং সে জন্য পর্যাপ্ত বাজেট সংস্থান ডিপিপি'তে রাখা ;

(৫.১২) ফায়ার হাইড্রেন্ট স্থাপনের বিষয়ে কারিগরি এবং আর্থিক প্রক্কলনের জন্য সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থার কর্মকর্তাদের নিয়ে কারিগরি কমিটি গঠন করা;

(৫.১৩) ফায়ার সার্ভিসের হেভী ইকুইপমেন্টস সমূহ মেরামতের জন্য উন্নতমানের ওয়ার্কসপ এবং দক্ষ জনবল তৈরির জন্য প্রশিক্ষণ অন্তর্ভুক্ত করা;

(৫.১৪) স্টাম্প ও সীল (৮.০০ লক্ষ), প্রচার ও বিজ্ঞাপন (১৫.০০ লক্ষ), প্রশিক্ষণ (৪০০.০০ লক্ষ), সম্মানী (১৫.০০ লক্ষ) এবং শিক্ষা সফর এর জন্য ডিপিপি'তে (৮০.০০ লক্ষ) টাকা বরাদ্দ রাখা;

(৫.১৫) ডিপিপি'র হিসাব জনিত এবং মূদ্রণ জনিত ভুল ত্রুটি সংশোধন করা।

৬। পরিশেষে সভায় আর কোনো আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ